গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

**বিষয়:** অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট পরিপত্র-১ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (B.M.C.)- সভার কার্যবিবরণী।

সভাপতি : মো. সোহরাব হোসাইন
সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

তারিখ : ০৭ ফেব্রুয়ারি, ২০১৯

সময় : সকাল ১০.০০ মিনিট

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্র-১ এ ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২০-২০২১ হতে ২০২১-২০২২ অর্থবছরের প্রক্ষেপণ চূড়ান্ত করে দাখিল করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট কাঠামো চূড়ান্তকরণের জন্য এ সভা আহ্বান করা হয়েছে। অর্থ বিভাগ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য ২০১৯-২০২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন, ২০২০-২০২১ হতে ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ, ২০১৯-২০২০ অর্থবছরের ব্যয়ের প্রাক্কলন এবং ২০২০-২০২১ হতে ২০২১-২০২২ অর্থবছরের ব্যয়ের প্রক্ষেপণ প্রদান করেছে যা নিম্নরূপ :

রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০১৮-২০১৯ | প্রস্তাবিত বাজেট ২০১৯-২০২০ | প্রক্ষেপণ ২০২০-২০২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২৫ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ২৬০.৬৫ | ২৮২.২৪ | ৩১৬.১০ | ৩৫৪.০৪ |

প্রস্তাবিত ব্যয়সীমা

(অংকসমূহ কোটি টাকায়)

| কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | ২০২১-২০২২ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২৫ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ২৪৮৯৬.১৭ | ২৫৮৩১.৮০ | ২৮৪১৪.৯৭ | ৩১২৫৬.৪৬ |

৩.০ সিনিয়র সহকারী সচিব(বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সভাকে জানান অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট পরিপত্র-১-এর নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বিভিন্ন অধিদপ্তর-দপ্তর-সংস্থার অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। গত ০৩.০২.২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের (B.W.G.)) সভায় বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্ত করা হয়েছে।

৪.০ সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার প্রধানগণ জানান মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক প্রস্তাবিত সিলিং-এর মধ্যে ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। সে মোতাবেক iBAS++ এ এন্ট্রি প্রদান করা হয়েছে। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে রাজস্ব উন্নয়ন কর্মসূচি খাতে অতিরিক্ত বরাদ্দের বিষয়ে আলোচনা করেন। মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর এর পক্ষে জানানো হয় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ২৯৯টি কলেজ ও ৩৩০টি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারিকরণ করা হয়েছে। এছাড়া এন.টি.আর.সি.এ. কর্তৃক নিয়োগের সুপারিশকৃত ৪০০০০ (চল্লিশ

হাজার) শিক্ষককে এম.পি.ও. প্রদান করলে এম.পি.ও., সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ এবং সরকারি মহাবিদ্যালয়সমূহ খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হবে। উপপ্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ জানান ২০১৯-২০২০ অর্থবছরে এ বিভাগের উন্নয়ন খাতে মোট চাহিদা ১৭৮২৪.০০ কোটি (সতের হাজার আটশত চব্বিশ কোটি) টাকা হলেও এ বিভাগের আবশ্যকীয় ব্যয় হিসেবে পরিচালন খাতে বরাদ্দের পরে উন্নয়ন খাতে বরাদ্দের জন্য অবশিষ্ট রয়েছে ৫,৬০০ কোটি (পাঁচ হাজার ছয়শত কোটি) টাকা যা চাহিদার চেয়ে ১২২২৪.০০ (বার হাজার দুইশত চব্বিশ) কোটি টাকা কম। উন্নয়ন বরাদ্দের চাহিদা অনুযায়ী আরও ১২২২৪.০০ (বার হাজার দুইশত চব্বিশ) কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগে ডি.ও. পত্র প্রেরনের জন্য তিনি অনুরোধ করেন। সভাপতি সকলকে প্রাপ্ত বরাদ্দের মধ্যে সীমাবদ্ধ থেকে বাজেট প্রণয়নের জন্য নির্দেশনা দেন। এছাড়া M.T.B.F. পদ্ধতিতে বাজেট প্রণয়নের ক্ষেত্রে প্রকৃত প্রয়োজন ভিত্তিক চাহিদার আলোকে বাজেট প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়।

৫.০ **সিদ্ধান্ত** : সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

৫.১ অর্থ বিভাগের জারীকৃত বাজেট পরিপত্র-১ এ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের জন্য প্রদত্ত আয়সীমা এবং ২০২০-২০২১ হতে ২০২১-২০২২ অর্থবছরের আয়সীমার প্রক্ষেপণ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন দপ্তরসমূহকে **পতাকা-ক** এ বর্ণিত বন্টনকৃত আয় বা প্রাপ্তি অনুমোদন করা হয়;

৫.২ অর্থ বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য প্রদত্ত সিলিং এর মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের পরিচালন ব্যয়সীমার জন্য প্রদত্ত ২০২৩১,৮০,০০,০০০/- (বিশ হাজার দুইশত একত্রিশ কোটি আশি লক্ষ) টাকার প্রাক্কলন এবং ২০২০-২০২১ হতে ২০২১-২০২২ অর্থবছরের পরিচালন ব্যয়সীমার প্রক্ষেপণ (**পতাকা-খ**) অনুমোদন করা হয়;

৫.৩ অর্থ বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের জন্য প্রদত্ত সিলিং এর মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের উন্নয়ন ব্যয়সীমার জন্য প্রদত্ত ৫,৬০০,০০,০০,০০০/-(পাঁচ হাজার ছয়শত কোটি) টাকার প্রাক্কলন এবং ২০২০-২০২১ হতে ২০২১-২০২২ অর্থবছরের উন্নয়ন ব্যয়সীমার প্রক্ষেপণ (**পতাকা-গ**) অনুমোদন করা হয়;

৫.৪ ২০১৯-২০২০ অর্থবছরে উন্নয়ন খাতে অতিরিক্ত ১২২২৪.০০ (বার হাজার দুইশত চব্বিশ) কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগে ডি.ও. পত্র প্রেরন করা হবে;

৫.৫ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ২৯৯টি কলেজ ও ৩৩২টি মাধ্যমিক বিদ্যালয় নতুন করে সরকারিকরণ হওয়ায় এবং এন.টি.আর.সি.এ. কর্তৃক শূন্যপদে নিয়োগের সুপারিশকৃত প্রায় ২১,৯৬৫ (একুশ হাজার নয়শত পঁয়ষট্টি) জন শিক্ষককে এম.পি.ও. প্রদান করার জন্য এম.পি.ও., সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহ এবং সরকারি মহাবিদ্যালয়সমূহ খাতে অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের চাহিদার বিষয়টি অর্থ বিভাগকে অবহিত করা হবে;

৫.৬ ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে উন্নয়ন কর্মসূচি খাতে অতিরিক্ত ২,৯২,৭৩,০০০/-(দুই কোটি বিরানব্বই লক্ষ তিয়াত্তর হাজার) টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অবহিত করা হবে;

৫.৭ ২০১৯-২০২০ অর্থবছরের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বাজেট কাঠামো (M.B.F.) অনুমোদন করা হয়।

৬.০ আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (B.M.C.)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (বিশ্বঃ/কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২, আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/নায়েম/আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউট, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৬. ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এন.সি.টি.বি.), ঢাকা।
৮. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৯. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপসচিব, বাজেট অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপপ্রধান (শিক্ষা), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর(ডি.আই.এ.), ঢাকা।
১৩. পরিচালক (অর্থ ও হিসাব), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
১৪. উপসচিব, বাজেট অধিশাখা-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১৫. উপসচিব, প্রশাসন-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. উপপ্রধান, পরিকল্পনা-২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়,৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৪.০১.০০৩.১৮-১৯

তারিখ: ৩০ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ / ১২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(কার্যবিবরনীটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও সংস্থাগুলোতে ই-মেইল করার অনুরোধসহ)।**

১২/২/২০১৯

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব